




কোভিড-১৯ সম্পর্কে আহমদীয়া মুসলিম জামা'ত-এর বিশ্বপ্রধান হযরত মির্যা মসরুর আহমদ (আই.)-এর দিক নির্দেশনা



কোভিড-১৯-এর সূচনালগ্ন থেকে হযরত আমীরুল মুমিনীন হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বিশ্বজুড়ে আহমদী মুসলিমদের প্রয়োজনীয় সতর্কতা মেনে চলা এবং নিজ নিজ সরকারের নিকট হতে প্রাপ্ত সকল নির্দেশনা ও পরামর্শ মেনে চলার নির্দেশ দিয়ে আসছেন।

বর্তমান পরিস্থিতিতে হযুর আকদাস যুক্তরাজ্যের আহমদী মুসলিমদের নির্দেশ দিয়েছেন যে:

- ১। আহমদী মুসলিম (জামা'তের) সদস্যবৃন্দ যেন অবশ্যই সরকার ও গণস্বাস্থ্য কর্তৃপক্ষের সকল নির্দেশ মেনে চলেন।
- ২। সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়ে হযুর আকদাস সদস্যদের যুক্তরাজ্য সরকারের নির্দেশনা অনুযায়ী সকল প্রকার অপ্রয়োজনীয় ভ্রমণ এড়িয়ে চলেন, এবং প্রয়োজনীয় ভ্রমণের সময়ে যথাযথ সামাজিক দূরত্ব বজায় রাখেন।
- ৩। মসজিদসমূহ ও অন্যান্য সেন্টারে বাজামা'ত নামায এবং অন্য সকল অনুষ্ঠানাদি কর্তৃপক্ষ কর্তৃক নিরাপদ ঘোষণার পূর্ব পর্যন্ত স্থগিত থাকবে। অনুরূপভাবে, আগামীতে মসজিদে অনুষ্ঠিতব্য সকল কর্মসূচী কর্তৃপক্ষ কর্তৃক নিরাপদ ঘোষিত হওয়ার পূর্ব পর্যন্ত স্থগিত বা বাতিল হবে।



৪। সদস্যগণ যেন নিজ নিজ দৈনিক নামাযসমূহ এবং সাপ্তাহিক জুমুআর নামায নিজ গৃহে কেবল নিজ পরিবারের সদস্যদেরকে নিয়ে আদায় করেন।

৫। ভাইরাসটির বিস্তারের ঝুঁকি লাঘব করার জন্য পরিষ্কার-পরিচ্ছন্নতার নিয়মসমূহ সকল সময়ে যথাযথভাবে অনুসরণ করেন, যেমন নিয়মিত হাত ধোয়া এবং পানি পাওয়া না গেলে স্যানিটাইজার ব্যবহার করা। উপরন্তু যে স্থানগুলোতে মানবীয় সংস্পর্শ ঘটে থাকে সেগুলো পরিষ্কার রাখতে হবে এবং অ্যান্টি-ব্যাকটেরিয়াল ওয়াইপ দ্বারা এগুলো মুছতে হবে।

৬। হযূর আকদাস সকল সদস্যদেরকে সুস্থ থাকার জন্য সম্ভাব্য সবকিছু করার নির্দেশ দেন। উদাহরণস্বরূপ তিনি পরামর্শ দিয়েছেন যে, তারা যেন একটি স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস বজায় রাখেন এবং যতদূর সম্ভব বিশ্রাম গ্রহণ করেন যেন তাদের রোগ প্রতিরোধ ক্ষমতা জোরদার থাকে। মানসিকভাবে ভালো থাকার বিষয়ে, হযূর আকদাস সদস্যদেরকে ঘরে তাদের সময় উৎপাদনশীল কাজে ব্যয় করা, একটি রুটিন বজায় রাখা, বই পড়া ও কোন কিছু শেখার মাধ্যমে নিজেদেরকে মেধাগত ভাবে উদ্দীপিত রাখা এবং নিজেদের পরিবারের সাথে এই বর্ধিত সুযোগকে কাজে লাগিয়ে গুণগতভাবে উন্নত সময় (কোয়ালিটি টাইম) কাটানোর পরামর্শ দেন।

৭। হযূর আকদাস যুক্তরাজ্য এবং অন্যান্য দেশের আহমদীয়া মুসলিম জামাতকে নির্দেশনা প্রদান করেন যে, তারা যেন তাদের নিজ সমাজের নিয়ম-নীতি অনুসারে তাদের নিজ নিজ দেশ এবং সমাজের দুর্বল শ্রেণীর সেবা করেন। উদাহরণস্বরূপ যুক্তরাজ্যে আহমদীয়া মুসলিম জামাতের অনেক সদস্য কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় যুক্তরাজ্য সরকার কর্তৃক প্রচলিত এনএইচএস (ন্যাশনাল হেলথ সার্ভিসেস) স্বেচ্ছাসেবক স্কীমে নাম লিখিয়েছেন। উপরন্তু, মজলিস খোদামুল আহমদীয়া (আহমদীয়া যুব সংগঠন) যুক্তরাজ্য ঝুঁকিগ্রস্ত ব্যক্তিদের জন্য ঔষধ, দৈনন্দিন বাজার ইত্যাদি পৌঁছে দেয়ার বিষয়ে অথবা অন্য যেকোনো প্রয়োজনীয় উপায়ে সহযোগিতা করার প্রস্তাব দিয়ে সকল স্থানীয় কাউন্সিলের সাথে যোগাযোগ করেছে।